**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 19.04.25** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ সংশোধিত ওয়াকফ আইনের বিরুদ্ধে আন্দোলনের জেরে হিংসায় ক্ষতিগ্রস্ত মুর্শিদাবাদের সামশেরগঞ্জের বিভিন্ন এলাকা আজ পরিদর্শন করবেন রাজ্যপাল।

# জাতীয় মহিলা কমিশনের একটি প্রতিনিধি দল'ও আজ পৃথকভাবে ঘুরে দেখবে ক্ষতিগ্রস্ত গ্রামগুলি।

# কংগ্রেসের এক প্রতিনিধি দল'ও আজ সামশেরগঞ্জে যাচ্ছে।

২/ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করতে রাজ্য সরকার আজ আরেক দফা বৈঠকে বসতে চলেছে।

৩/ বর্ষার আগেই নদী ও খালগুলি পলিমুক্ত করতে সেচ দফতর, নতুন মডেল কার্যকর করতে চলেছে।

৪/ জয়েন্ট এন্ট্রান্স মেইনস্ পরীক্ষার দ্বিতীয় পর্বের ফল আজ প্রকাশিত হবে।

# ডাক্তারির স্নাতকোত্তরে ভর্তির প্রবেশিকা পরীক্ষা নিট নেওয়া হবে ১৫' ই জুন।

৫/ মোহনবাগান সুপার জায়ান্টস 'সুপার কাপ' ফুটবলের কোয়ার্টার ফাইনালে পৌঁছেছে।

*******************************************************************

পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডঃ সিভি আনন্দ বোস আজ ওয়াকফ আন্দোলনের জেরে হিংসায় ক্ষতিগ্রস্ত মুর্শিদাবাদের সামশেরগঞ্জের বিভিন্ন এলাকা পরিদর্শন করবেন। 'জাতীয় মহিলা কমিশনে'র চেয়ারপার্সন সহ ৫ সদস্যের একটি প্রতিনিধি দলও আজ পৃথকভাবে মুর্শিদাবাদ জেলার সামসেরগঞ্জের জাফরাবাদ, বেদপাড়া এবং ডিগরির মতো ক্ষতিগ্রস্ত গ্রামগুলি পরিদর্শন করবে। সরেজমিনে খতিয়ে দেখবেন গ্রামের বর্তমান পরিস্থিতি ও জনজীবন।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন- (ভি সি মামুন )

*********************

এদিকে, কংগ্রেসের এক প্রতিনিধি দল'ও, আজ মুর্শিদাবাদের সামশেরগঞ্জ এলাকা পরিদর্শনে যাবেন। ওই দলে থাকবেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, মালদা দক্ষিণের কংগ্রেস সাংসদ ইশা খান চৌধুরী ও AICC-র পর্যবেক্ষক অম্বা প্রসাদ। প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, এলাকায় শান্তি ফেরানোই তাঁদের প্রধান দাবি।

*********************

অনেদিকে, মুর্শিদাবাদে যাওয়ার আগে রাজ্যপাল গতকাল মালদার বৈষ্ণবনগরের পারলালপুরের ত্রাণ শিবির ঘুরে দেখেন। হিংসার জেরে সেখানে আশ্রয় নেওয়া ঘর-ছাড়ারা তাঁকে ঘিরে দফায় দফায় বিক্ষোভ দেখান ও প্রশাসনের বিরুদ্ধে তাঁদের ক্ষোভ উগরে দেন। মহিলা ও শিশুদের সঙ্গে কথাবার্তা বলে তাঁদের অভাব অভিযোগ খতিয়ে দেখেন রাজ্যপাল, সবরকমের সহায়তার'ও আশ্বাস দেন। পরে সাংবাদিকদের তিনি বলেন, গণতন্ত্রে এই ধরনের অবস্থা কখনই মেনে নেওয়া যায় না। মানুষ আতঙ্কে বাস করবেন, তা হতে পারেনা।

(বাইট- রাজ্যপাল)

*********************

সংশোধিত ওয়াকফ আইনের বিরুদ্ধে মুর্শিদাবাদে হিংসাত্মক আন্দোলনের সময় নিজেদের জীবন বাঁচাতে যারা গ্রাম ছেড়ে পালিয়ে পার্শ্ববর্তী মালদা জেলায় আশ্রয় নিয়েছিলেন, সরেজমিনে তাদের পরিস্থিতি খতিয়ে দেখতে **জাতীয় মানবাধিকার কমিশন** এবং **জাতীয় মহিলা কমিশনের** দুটি প্রতিনিধি দল গতকাল মালদা সফর করে।

প্রথমে মানবাধিকার কমিশনের কেন্দ্রীয় দল বৈষ্ণবনগরের পারলালপুরে গিয়ে ক্ষতিগ্রস্তদের সঙ্গে দেখা করেন। পরে জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকরের নেতৃত্বে চার সদস্যের একটি দল বৈষ্ণবনগর ত্রাণ শিবির পরিদর্শন করে ক্ষতিগ্রস্ত মহিলাদের সঙ্গে কথা বলেন। ত্রাণ শিবির পরিদর্শনের পর শ্রীমতী রাহাতকর জানান, নিগৃহীত মহিলারা যে আতঙ্কে রয়েছেন, তাদের সঙ্গে কথা বলেই তিনি বুঝতে পেরেছেন। সমস্যা সমাধানে সবরকমের ব্যবস্থা নেওয়া হবে বলেও আশ্বাস দেন তিনি।

( বাইট- রাহাতকার )

প্রতিনিধি দলের সদস্য অর্চনা মজুমদার বর্তমান পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, গৃহহীনরা স্থানীয় প্রশাসনের কাছ থেকে মানবিক আচরণ পাচ্ছে না এবং পুলিশ সহযোগিতা করছে না বলেও অভিযোগ করেন তিনি। পুলিশ যদি ঠিকঠাক কাজ করতো, তাহলে এই ধরণের ঘটনা এড়ানো যেত।

( বাইট – অর্চনা)

**********************

বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করতে রাজ্য সরকার আজ আরেক দফা বৈঠকে বসতে চলেছে।

মুখ্য সচিব মনোজ পন্থের পৌরহিত্যে স্বরাষ্ট্র, স্বাস্থ্য সহ ১২ টি দফতরের সচিবরা নবান্নের ওই বৈঠকে উপস্থিত থাকবেন। জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক সহ পদস্থ কর্তাদের ওই বৈঠকে যোগদানের নির্দেশ দেওয়া হয়েছে। বিভিন্ন দফতরের অধীনে

থাকা প্রকল্প গুলোর কাজ কতদূর এগিয়েছে, তার অগ্রগতি বেঁধে দেওয়ার সময় অনুপাতে হচ্ছে কিনা ওই বৈঠকে মূলত তা পর্যালোচনা করে দেখা হবে।

*********************

বর্ষার আগেই নদী ও খালগুলিকে পলিমুক্ত করতে সেচ দফতর নদী ও খাল খননের জন্য গৃহীত নতুন মডেল কার্যকর করতে চলেছে। এর আওতায় শীঘ্রই দরপত্র ডেকে বেসরকারি সংস্থাকে বুজে যাওয়া নদী ও খাল সংস্কারের দায়িত্ব দেওয়া হবে। বিনিময়ে সংশ্লিষ্ট সংস্থা ড্রেজিং করে তোলা পলি ও মাটি বিক্রি করতে পারবেন।

*********************

সরকার, উত্তরবঙ্গের দার্জিলিং ও কালিম্পং জেলার উপভোক্তাদের বাংলা আবাস যোজনা প্রকল্পের সুবিধা দেওয়ার জন্য উদ্যোগী হয়েছে। নতুন সমীক্ষার পরেই এই দুই জেলায় উপভোক্তাদের তালিকা তৈরি করার জন্যে পঞ্চায়েত দপ্তর জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে বলে সরকারি সূত্রে জানা গিয়েছে।

*********************

আকাশবাণী কলকাতার FM হেডলাইন, আবার শুরু হতে চলেছে। নিয়মিত সংবাদ বুলেটিনের পাশাপাশি আগামীকাল, বিশে এপ্রিল থেকে চালু হবে ঘণ্টায় ঘণ্টায় এই হেডলাইন। শোনা যাবে সকাল ৭ টা থেকে রাত ৯ টা পর্যন্ত আকাশবাণী কলকাতার FM রেইনবো প্রচার তরঙ্গে।

*********************

জয়েন্ট এন্ট্রান্স মেইনস্ পরীক্ষার দ্বিতীয় পর্বের ফল, আজ প্রকাশিত হবে। ন্যাশনাল টেস্টিং এজেন্সি-NTA এক বিবৃতিতে জানিয়েছে, JEE মেইনস্-এর ওয়েবসাইট jeemain.nta.nic.in এ এই ফলাফল জানা যাবে। একইসঙ্গে ঘোষণা করা হবে কাট-অফ নম্বর’ও। চলতি বছর দোসরা থেকে ৯’ই এপ্রিলের মধ্যে JEE মেইনস্-এর দ্বিতীয় পর্বের এই পরীক্ষা নেওয়া হয়।

*********************

এবছরের ডাক্তারিতে স্নাতকোত্তর স্তরে ভর্তির প্রবেশিকা পরীক্ষা নিট নেওয়া হবে ১৫ ই জুন। 'ন্যাশনাল বোর্ড অফ এক্সামিনেশনস ইন মেডিক্যাল সায়েন্সেস'- NBEMS এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ১৫ ই জুন দুই শিফটে পরীক্ষা হবে।

এই পরীক্ষার জন্যে ১৭ এপ্রিল থেকে NBEMS এর ওয়েবসাইটে অনলাইনে আবেদনপত্র জমা নেওয়া শুরু হয়েছে। ৭'ই মে রাত ১১ টা ৫৫ মিনিট পর্যন্ত আবেদন জমা দিতে পারবেন প্রার্থীরা। ওয়েবসাইটটি হল - ন্যাট বোর্ড ডট এডু ডট ইন natboard.edu.in। ১৫ জুলাইয়ের মধ্যে পরীক্ষার ফল প্রকাশিত হবে।

*********************

টালিগঞ্জ স্টুডিও পাড়ায় মাস কয়েক আগে প্রশাসনিক হস্তক্ষেপের পরেও জট কাটেনি। পরিচালক সুদেষ্ণা রায় ও অভিজিৎ গুহ পরিচালিত ছবির শুটিং বন্ধ করার অভিযোগ উঠেছে টেকনিশিয়ানদের বিরুদ্ধে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিজিত )

*********************

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন নীতি এবং রাজ্য সরকারের অপশাসনের বিরুদ্ধে শ্রমিক, কৃষক ক্ষেত মজুর ও বস্তি সংগঠনগুলির পক্ষ থেকে আগামীকাল ব্রিগেড সমাবেশের ডাক দেওয়া হয়েছে।

*********************

হাওড়ার 'বি-গার্ডেন সিটিজেনস ফর জাস্টিস'-এর আহ্বানে IIEST-র ফাস্ট গেট সংলগ্ন স্থানে শুক্রবার সন্ধ্যায় অনুষ্ঠিত হল, 'জাগ্রত জনতার প্রতিবাদ কর্মসূচি'। অভয়া'র ন্যায্য বিচার, চাকরিচ্যুত শিক্ষকদের পুনর্বহাল সহ দুর্নীতির সঙ্গে জড়িত ব্যক্তিদের শাস্তির দাবি তোলা হয়।

*********************

ISL-এ লিগ শিল্ড ও কাপ জয়ী মোহনবাগান সুপার জায়ান্টস, সুপার কাপ ফুটবলে সরাসরি কোয়ার্টার ফাইনালে খেলবে।

আগামী রবিবার ভুবনেশ্বরে প্রি কোয়াটারের ম্যাচে গোয়ার চার্চিল ব্রাদার্সের বিরুদ্ধে খেলার কথা ছিল মোহনবাগানের। তবে সর্বভারতীয় ফুটবল ফেডারেশন জানিয়েছে, চার্চিল ব্রাদার্স টুর্নামেন্ট থেকে নাম প্রত্যাহার করে নেওয়ায় মোহনবাগান বাই পেয়ে কোয়ার্টার ফাইনালে পৌঁছেছে।

রবিবার ইস্টবেঙ্গল ও কেরালা ব্লাস্টারসের ম্যাচটি দুপুর সাড়ে চারটের পরিবর্তে রাত আটটায় অনুষ্ঠিত হবে। এই ম্যাচের বিজয়ী দলের বিরুদ্ধে মোহনবাগান কোয়ার্টার ফাইনালে মুখোমুখি হবে।

*********************

ইস্টবেঙ্গল ইণ্ডিয়ান উওমেন্স লিগ খেতাব জয় করেছে। নিজেদের মাঠে লিগের শেষ ম্যাচে গতকাল ইস্টবেঙ্গল ৩-০ গোলে গোকুলাম কেরল এফ সি, কে হারিয়ে দেয়। এলসাদাই দুটি এবং সৌম্যা গুগুলথ একটি গোল করেছেন।

*********************

কলকাতার দক্ষিণ বন্দর থানার গার্ডেনরিচ ফ্লাইওভারে গতকাল এক গাড়ি দুর্ঘটনায় এক নাবালকের মৃত্যু হয়েছে। শুভম দাশ নামে ১৬ বছরের ওই কিশোরের বাড়ি মেটিয়াবুরুজের পাহাড়পুর রোডে।

************************************************************